

**দেবহাটা উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী**


সভাপতি : মোঃ ইয়ানুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবহাটা।  
তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি:

উপস্থিতি ও অনুপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- “ক” তে সংযুক্ত।

উপজেলা আইসিটি কমিটি, দেবহাটা, সাতক্ষীরা এর অদ্য ০৫-০৯-২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ ইয়ানুর রহমান এর সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সম্পর্কে আলোকপাত করেন এবং কমিটির সদস্যসচিবকে সভার কার্যক্রম উপস্থাপন করতে বলেন। কমিটির সদস্য-সচিব মোঃ ইমরান হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দেবহাটা জাতীয় কর্মপরিকল্পনা ও কার্যপরিষদসহ অন্যান্য সার্বিক বিষয় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য হালনাগাতকরণ	দেবহাটা উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। মুক্তপাঠ হতে ওয়েবপোর্টাল ট্রেনিং গ্রহণপূর্বক সার্টিফিকেট অর্জনের জন্য বলা হয়।	দপ্তর প্রধানগণ, সহকারী প্রোগ্রামার
১.২	ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড	বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রোগ্রামার জানান যে, ৫ টি ইউনিয়নে ২ জন করে মোট ১০ জন এবং উপজেলা ডিজিটাল সেন্টারে ২ জন উদ্যোক্তা রয়েছেন। উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয় এবং একটি হার্ডকপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে বলা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ
১.৩	৫ অক্টোবর স্মার্ট বাংলাদেশ দিবস- ২০২৩	এ বছর স্মার্ট বাংলাদেশ দিবস ০৫ অক্টোবর ২০২৩ তারিখে যথাযোগ্য মর্যাদায় পালিত হবে। দিবসটি পালনে বিস্তারিত আলোচনা করা হয়। মন্ত্রনালয়/বিভাগের নির্দেশনা অনুযায়ী দিবসটি যথাযথ মর্যাদায় পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট সকল
১.৪	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ অন্যান্য অফিসের ই-নথি কার্যক্রম ত্বরান্বিতকরণ	যে সকল দপ্তরে ই-নথি সিস্টেম কার্যকর রয়েছে সে সকল দপ্তরকে ই-নথির মাধ্যমে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। সহকারী প্রোগ্রামার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ অন্যান্য অফিসের ই-নথি কার্যক্রম ত্বরান্বিত করবেন।	উপজেলা নির্বাহী অফিসার / সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ)
১.৫	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন	এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রোগ্রামার জানান যে, মোট ৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। উক্ত প্রতিষ্ঠান প্রধানগণ ল্যাবসমূহ সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা প্রদান করবেন। ল্যাব পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ ফ্রিলাঞ্চিং প্রশিক্ষণে আগ্রহী শিক্ষকগণের তালিকা সহকারী প্রোগ্রামারের কার্যালয়ে প্রেরণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, এসআরডিএল প্রতিষ্ঠান প্রধানগণ
১.৬	১৮ অক্টোবর শেখ রাসেল দিবস-২০২৩	আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস পালিত হবে। ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ৫০ জন করে শিক্ষার্থীর অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে প্রতিষ্ঠান প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মন্ত্রনালয়/বিভাগের পরবর্তী প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী দিবসটি পালনে পর্যাপ্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, এসআরডিএল প্রতিষ্ঠান প্রধানগণ

পরিশেষে সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ ইয়ানুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ও

সভাপতি  
উপজেলা আইসিটি কমিটি  
দেবহাটা, সাতক্ষীরা।

ফোনঃ ০১৭৭১১১২২৪৫


ই-মেইলঃ unodebhata@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৮৭২৫.০০০.০৯.০০৩.২৩-১৩

তারিখ : ০৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
৪. প্রোগ্রামার, জেলা আইসিটি অফিস, সাতক্ষীরা
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....কলেজ/স্কুল/মাদ্রাসা, দেবহাটা, সাতক্ষীরা
৬. উপজেলা ..... অফিসার, দেবহাটা, সাতক্ষীরা।
৭. চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
৮. জনাব ..... দেবহাটা, সাতক্ষীরা।



মোঃ ইমরান হোসেন  
সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব  
উপজেলা আইসিটি কমিটি  
দেবহাটা, সাতক্ষীরা।

ই-মেইলঃ imrancseiu06@gmail.com